

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

তারিখ: ২৭/১২/২০২০ খ্রি।

**২০১৯ সনের অনার্স ৪র্থ বর্ষ (নিয়মিত, অনিয়মিত, মনোন্নয়ন) পরীক্ষার ফরম পূরণ**  
**সংক্রান্ত বিজ্ঞপ্তি**

এতদ্বারা অত্র কলেজের সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি অনুযায়ী ২০১৯ সনের অনার্স ৪র্থ বর্ষ (নিয়মিত, অনিয়মিত, মনোন্নয়ন) পরীক্ষার ফরম পূরণের ফিসের হিসাব, ফরম পূরণ ও ডাটা এন্ট্রির সময় নিম্নরূপ:

নিয়মিত/অনিয়মিত/মনোন্নয়ন/শ্রেণি উন্নয়ন ছাত্রীদের পরীক্ষার ফি

অনার্স বিষয়ের নাম	ফরম পূরণের ফি
বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামী শিক্ষা, দর্শন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, অর্থনীতি, হিসাববিজ্ঞান, ফিন্যান্স, ব্যবস্থাপনা, মার্কেটিং, সমাজকর্ম	৩,৯৮০.০০
পদার্থবিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি, প্রাণিবিজ্ঞান, মনোবিজ্ঞান, গণিত, ভূগোল, উদ্ভিদবিজ্ঞান	৪,১১০.০০
রসায়ন	৪,২৪০.০০
১ পত্র (তত্ত্বীয়/ব্যবহারিক/মৌখিক)	১,৫৫৫.০০
পরবর্তী প্রতি পত্রের জন্য ২০০/- টাকা হারে যোগ হবে	
মাঠকর্ম ফি ও রিসার্চ প্রজেক্ট ফি সংশ্লিষ্ট বিভাগ আদায় করবে। মনোন্নয়ন পরীক্ষার্থীদের ব্যবহারিক/মৌখিক পত্র থাকলে ব্যবহারিক পরীক্ষার কেন্দ্র ফি বাবদ ১৩০/- ও মৌখিক পরীক্ষার কেন্দ্র ফি বাবদ ৭৫/- সংশ্লিষ্ট বিভাগে পরীক্ষার আগের দিন জমা দিবে।	

**পরীক্ষার আবেদন ফরম পূরণ ও ফি জমা দানের শেষ তারিখ: ০৫/০১/২০২১ খ্রি.**

১. অনলাইনে আবেদন ফরম পূরণ (শিক্ষার্থীদের জন্য) :

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (7College.du.ac.bd) Formfilup বাটনে ক্লিক করে সাইন আপ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর ও বিষয় কোড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিবে। পূরণকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয়সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাবলি উল্লেখ থাকবে। অনলাইনে ফরম পূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যের ভুল করলে তা শিক্ষার্থী নিজেই সর্বোচ্চ ০৩ (তিন) বার সংশোধন করতে পারবে।

খ) শিক্ষার্থীদের প্রিন্টকৃত ফরমে কলেজ বিভাগীয় প্রধান স্বাক্ষর করার পর ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি শিক্ষার্থী স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/ সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরমপূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ০৩/০১/২০২১ তারিখের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩২২ নং কক্ষে জানাতে পারবে।